



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৩.৩৯.০০২.১৭-৩০

তারিখঃ ২১/০৫/২০২০খ্রি.

বিষয়- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাব/ওয়ার্কশপের নিরাপত্তা জোরদার ও সুষ্ঠু রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাব এবং ওয়ার্কশপে বিভিন্ন প্রকার মূল্যবান ও সংবেদনশীল যন্ত্রপাতি ও মালামাল ব্যবহৃত হয়। এ সকল যন্ত্রপাতি ও মালামালসমূহের সুষ্ঠু রক্ষণাবেক্ষণের স্বার্থে নিয়োমিত নজরদারি বা মনিটরিং ব্যবস্থা থাকা প্রয়োজন।

২। বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রমণ রোধকল্পে চলমান সাধারণ ছুটিকালীন সময়ে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। বন্ধকালীন সময়ে অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাব এবং ওয়ার্কশপে রক্ষিত মূল্যবান সরকারি সম্পদ রক্ষার্থে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। অপ্রত্যাশিত দুর্ঘটনা রোধে ল্যাব/ওয়ার্কশপের বৈদ্যুতিক সংযোগ সমূহ নিয়োমিত পরীক্ষা করতে হবে। বৃষ্টির পানি, আর্দ্রতা ও ধুলাবালি থেকে রক্ষার্থে কক্ষের দরজা-জানালাসমূহ যথাযথভাবে বন্ধ রাখতে হবে ও যন্ত্রপাতি সমূহ কভার দিয়ে ঢেকে রাখতে হবে। প্রয়োজনে কম্পিউটার বা অন্যান্য যন্ত্রপাতিসমূহ মাঝে মাঝে চালু করে তা ব্যবহারোপযোগী রাখতে হবে। শিক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষায় ব্যবহার্য কাঁচামালসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। নিরাপত্তা জোরদারের জন্য সকল ল্যাব/ওয়ার্কশপ যথাযথভাবে তালাবদ্ধ রাখতে হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে সিসি ক্যামেরার মাধ্যমে মনিটরিং নিশ্চিত করতে হবে।

৩। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠান প্রধানগণকে স্ব স্ব প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাবসহ সকল ল্যাব/ওয়ার্কশপসমূহের নিরাপত্তা জোরদার এবং সংশ্লিষ্ট বিভাগ বা অধ্যক্ষ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে ল্যাব/ওয়ার্কশপসমূহ নিয়োমিত মনিটরিং ও মনিটরিং রিপোর্ট সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. অধ্যক্ষ, সকল ইঞ্জিনিয়ারিং কলেজ
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
৩. অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট
৪. অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ
৫. অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট

স্বাক্ষরিত

(মোঃ আককাছ আলী সেখ)

পরিচালক(পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পিআইডাব্লিউ/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. আঞ্চলিক পরিচালক(সকল),
৩. সহকারী পরিচালক. শাখা ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সংরক্ষন নথি

শাকিলা রহমান

(শাকিলা রহমান)

ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।